গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(সাধারণ শাখা)
www.rajshahi.gov.bd

**২০২১-২২ অর্থ বছরে রাজশাহী জেলা প্রশাসকের কার্যালয়ের নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী :**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আব্দুল জলিল<br>জেলা প্রশাসক, রাজশাহী |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী |
| সভার তারিখ | : | **১৯.১২.২০২১ খ্রি.** |
| সময় | : | সকাল ১১.১৫ টা |

উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), রাজশাহী জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর বিভিন্ন কর্মসম্পাদন সূচক সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর কার্যক্রমের শুরুতেই নৈতিকতা কমিটির সভা আয়োজনের বিষয়টি অন্তর্ভূক্ত রয়েছে। তাছাড়া এ কার্যালয়ের ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন কার্যক্রমের বিপরীতে শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন, নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন দাখিল করার বিষয়টিও অন্তর্ভুক্ত রয়েছে। তারই ধারাবাহিকতায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বিভিন্ন সূচক বাস্তবায়নের নিমিত্তে এ সভার আয়োজন করা হয়েছে।

কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলকে সচেতন থাকার অনুরোধ জানানো হয়। এছাড়া জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত ত্রৈমাসিক ভিত্তিতে সভা আহ্বান এবং মন্ত্রিপরিষদ বিভাগে অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্যও অনুরোধ করা হয়। এছাড়াও সভায় বিভিন্ন কর্মসম্পাদন সূচক নিয়ে আলোচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দপ্তর/সংস্থায় দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণসহ এর বিভিন্ন সূচক বাস্তবায়নে সকলকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য প্রতি কোয়ার্টারে ন্যূনতম ১টি নৈতিকতা কমিটির সভা করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী |
| ২. | দক্ষতা ও নৈতিকতার উন্নয়নের লক্ষ্যে আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী |

| | | |
|---|---|---|
| ৩. | স্ব স্ব ওয়েব সাইটে সেবাবক্স হালনাগাদ করণের নিমিত্তে শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা ((GRS) সেবাবক্স স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী<br>২. জেলার সকল দপ্তর প্রধান<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল) রাজশাহী |
| ৪. | সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে উত্তম চর্চার (Best Practice) তালিকা ত্রৈমাসিক ভিত্তিতে শুদ্ধাচার কৌশল পরিকল্পনার কলামসমূহে বিভাজন করে প্রদর্শন করতে হবে। | ১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী<br>২. জেলার সকল দপ্তর প্রধান<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল) রাজশাহী |
| ৫. | সেবা প্রদানের ক্ষেত্রে শুদ্ধাচার অর্জনের লক্ষ্যে দৃশ্যমান স্থানে অভিযোগ বক্স স্থাপন, হেল্প ডেক্স/ইনফরমেশন ডেক্স/ওয়ান স্টপ সার্ভিস ডেক্স স্থাপন, প্রদত্ত সকল সেবার সহজীকৃত প্রসেস ম্যাপ প্রস্তুতকরণ এবং আপলোডকরণ, সেবা প্রার্থীদের জন্য বিশ্রামস্থল/অপেক্ষা কক্ষ/বসার স্থান নির্মাণ/প্রস্তুতকরণ ও সেবা প্রদানের ক্ষেত্রে নির্দিষ্ট তারিখভিত্তিক টোকেন পদ্ধতি প্রচলন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী<br>২. জেলার সকল দপ্তর প্রধান<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল) রাজশাহী |
| ৬. | কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী<br>২. জেলার সকল দপ্তর প্রধান<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল) রাজশাহী |
| ৭. | ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার বাস্তবায়নের লক্ষ্যে পিপিএ ২০০৬ এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮ এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০১৯-২০ অর্থবছরের ক্রয় পরিকল্পনা প্রণয়ন করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। উক্ত ক্রয় পরিকল্পনা শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার কলামসমূহে ত্রৈমাসিকভিত্তিতে বিভাজন করে প্রদর্শন করতে হবে। | ১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী<br>২. জেলার সকল দপ্তর প্রধান<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল) রাজশাহী |
| ৮. | স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালীকরণের নিমিত্তে স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন এবং ওয়েবসাইটে প্রকাশ, শাখা/অধিশাখা/অধিনস্ত অফিস পরিদর্শন, শাখা/অধিশাখা/অধিনস্ত অফিস পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন, সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ, শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ, প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন ও অডিট আপত্তি নিস্পত্তিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী<br>২. জেলার সকল দপ্তর প্রধান<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল) রাজশাহী |
| ৯. | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে প্রতিরোধ সভা, প্রতিরোধ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, প্রতিরোধ বিষয়ক জনসচেতনতামূলক সমাবেশ বাস্তবায়ন, নৈতিকতা ও মূল্যবোধ বৃদ্ধির জন্য কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে কর্মশালা আয়োজন করতে হবে। উপজেলা ভূমি অফিসসমূহ পরিদর্শন করে উপস্থিত সেবা গ্রহীতাদের নিকট হতে সেবা প্রদান বিষয়ক মতামত গ্রহণ, এল এ চেক বিতরণ কার্যক্রম তদারকিকরণ ও চেক গ্রহিতাদের মতামত গ্রহণ, দ্রুততম সময়ে বেসামরিক প্রশাসনে চাকরিরত অবস্থায় মৃত/গুরুতর আহত সরকারি কর্মচারী/তাদের পরিবারের নিকট অনুদানের চেক হস্তান্তর, টি আর বরাদ্দ বাবদ গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়নে স্বচ্ছতা আনায়ন, কর্মকর্তা-কর্মচারী বদলীকালে প্রমিত নিয়ম-নীতি অনুসরণ। উল্লিখিত কার্যক্রমগুলো শুদ্ধাচার কৌশল কর্ম | ১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী<br>২. জেলার সকল দপ্তর প্রধান<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল) রাজশাহী |

| | | |
|---|---|---|
| | পরিকল্পনার কলামসমূহে ত্রৈমাসিকভিত্তিতে বিভাজন করে প্রদর্শন করতে হবে। | |
| ১০. | শুদ্ধাচার চর্চার জন্য কর্মকর্তা-কর্মচারীদের মধ্য হতে পুরস্কার প্রদান করতে হবে এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশপূর্বক শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার কলামসমূহে ত্রৈমাসিকভিত্তিতে বিভাজন করে প্রদর্শন করতে হবে। | ১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী<br>২. জেলার সকল দপ্তর প্রধান<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল) রাজশাহী |
| ১১. | পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ এবং নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী<br>২. জেলার সকল দপ্তর প্রধান<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল) রাজশাহী |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আব্দুল জলিল
জেলা প্রশাসক
রাজশাহী